



## পল্লী সঞ্চয় ব্যাংক

### প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড

ঢাকা-১০০০

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(অংশ-৫)/২০২২-২৩/ ৮৩৮৭

তারিখ: ০৭ ডিসেম্বর, ২০২২


### অফিস আদেশ

পল্লী সঞ্চয় ব্যাংক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বল্পপ্রসূত একটি বাড়ি একটি খামার প্রকল্পের স্থায়ীরূপ প্রদানের জন্য সৃজিত একটি প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের মাধ্যমে সুবিধাবঞ্চিত দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে বহুমুখী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে এবং দরিদ্র জনগোষ্ঠী এর সুফল ভোগ করছেন। টেকসই দারিদ্র্য বিমোচনের লক্ষ্য বাস্তবায়নের জন্য সারাদেশে ১০ হাজারের অধিক কর্মকর্তা/কর্মচারী পল্লী সঞ্চয় ব্যাংকে কর্মরত রয়েছে। প্রকল্প ও ব্যাংকের নিয়োগ প্রক্রিয়াসহ প্রতিষ্ঠানিক বিধিবিধান ভিন্নতর হওয়ার কারণে পদোন্নতি, স্থায়ীকরণসহ অন্যান্য সুযোগ সুবিধা প্রাপ্তির বিষয়ে প্রতিষ্ঠানের কর্মীদের মধ্যে কিছু কিছু ক্ষেত্রে ভুল বুঝাবুঝি পরিলক্ষিত হচ্ছে, যা মোটেই কাম্য নয়। ব্যাংক কর্তৃপক্ষ এ বিষয়ে যথেষ্ট কর্মীবান্ধব এবং সচেতন রয়েছে। এ ধরনের সকল সমস্যা নিরসনের জন্য ব্যাংক কর্তৃপক্ষ সর্বোচ্চ আন্তরিকতা দিয়ে কাজ করে যাচ্ছে।

এমতাবস্থায়, ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীকে কর্তৃপক্ষের প্রতি পূর্ণ আস্থা রেখে স্ব স্ব দায়িত্বপালন করার জন্য অনুরোধ করা হলো। এতদসংক্রান্ত বিষয়ে আন্দোলনের নামে প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা পরিপন্থী কোন কাজের সাথে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ/কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মাননীয় প্রধানমন্ত্রীর সৃজিত পল্লী সঞ্চয় ব্যাংকের লক্ষ্য-উদ্দেশ্য সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সকলের সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করছি।

কর্তৃপক্ষের আদেশক্রমে,

  
(দীপংকর রায়)  
মহাব্যবস্থাপক

### অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. পিএস টু চেয়ারম্যান মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা;
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা;
৩. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা;
৪. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, ~~সকল জেলা~~;
৫. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ~~সকল জেলা~~;
৬. নথি/মহানথি।